দৈনিক বাংলা

21 MAR 1995
পৃষ্ঠা ৪ কলাম

73

# ইসলামী ভার্সিটি ভিসির সপরিবারে ক্যাম্পাস ত্যাগ

মিডিয়া সিন্ডিকেট : কুষ্টিয়া, ২০ মার্চ।—ইসলামী বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী ছাত্রদলসহ সর্বদলীয় ছাত্র ঐক্য ও ইসলামী ছাত্রশিবিরের ভিসি অপসারণের দাবির মুখে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম এ হামিদ সপরিবারে সোমবার প্রত্যুষে ক্যাম্পাস ত্যাগ করেছেন। দীর্ঘ দেড় মাস যাবৎ ছাত্র সংগঠনগুলো ভিসির অপসারণের দাবিতে লাগাতার আন্দোলন চালিয়ে আসছিল। আন্দোলনের অংশ হিসাবে সর্বদলীয় ছাত্র ঐক্য ১৪ ফেব্রুয়ারী এবং ইসলামী ছাত্র শিবির ১৮ ফেব্রুয়ারী ভিসি অফিসে তালা লাগিয়ে দেয়। আজ পর্যন্ত তালা খোলা হয়নি।

সর্বদলীয় ছাত্র ঐক্য দুর্নীতি, অবৈধ শিক্ষক নিয়োগ, প্রশাসনিক অনিয়ম এবং ছাত্রশিবির অবৈধ ছাত্র ভর্তি, স্থায়ী রেজিস্টার নিয়োগ, সেশনজট নিরসনে ব্যর্থতার অভিযোগ এনে ভিসির অপসারণের দাবি করছে।

এদিকে ভিসি ক্যাম্পাস ত্যাগ করলেও ছাত্র সংগঠনসমূহ পৃথকভাবে তাদের আন্দোলন অব্যাহত রেখেছে। ইসলামী ছাত্র শিবির আহুত ধর্মঘটের ফলে সোমবার বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস ও অফিস হয়নি। ধর্মঘট চলাকালে ছাত্র শিবির ক্যাম্পাসে এক সমাবেশে মঙ্গলবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল এবং বুধবার বিশ্ববিদ্যালয় অবরোধের কর্মসূচী ঘোষণা করে। অপরদিকে ছাত্র ঐক্য এক সমাবেশে ভিসির অপসারণ চূড়ান্ত না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়। উল্লেখ্য, গত ১৯ জুন '৯১ প্রফেসর এম এ হামিদকে চার বছরের জন্য ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর হিসাবে নিয়োগ দেয়া হয়।